

# স্কুলের প্রথম দিনের জন্য প্রস্তুত হোন বৃহস্পতিবার, 4 সেপ্টেম্বর!



আপনার পরিবার শিক্ষা বছরটি চমৎকারভাবে শুরু করতে সহায়তা করার জন্য এখানে কিছু সাধারণ পদক্ষেপ দেয়া হলো:

## □ আপনার যোগাযোগের তথ্য হালনাগাদ করুন।

আপনার স্কুল আপনার সাথে যোগাযোগ করতে পারে তা নিশ্চিত করুন। আপনার ফোন নম্বর, ডাকযোগে প্রেরণের ঠিকানা, এবং ইমেইল হালনাগাদ করতে আমাদের প্যারেন্ট পোর্টালে আপনার NYC স্কুলস্ অ্যাকাউন্ট (NYCSA) লগ ইন করুন। এছাড়াও আপনি আপনার স্কুল থেকে দেয়া যোগাযোগের ফর্মটি পূরণ করতে পারেন। এখনও একটি NYCSA নেই? সাইন আপ করতে [schools.nyc.gov/NYCSA](https://schools.nyc.gov/NYCSA) দেখুন।

## □ আপনার সন্তানের জন্য একটি স্বাস্থ্য পরীক্ষা (ফিজিক্যাল এক্সাম) সময়সূচি করুন।

আপনার সন্তান প্রথমবারের মত স্কুল অথবা চাইল্ডকেয়ার শুরু করছে কি? তার কোনও স্বাস্থ্য সেবা প্রদানকারীর কাছ থেকে একটি স্বাস্থ্য সেবা (ফিজিক্যাল এক্সাম) প্রয়োজন হবে, যিনি একটি চাইল্ড অ্যান্ড অ্যাডোলেসেন্ট হেলথ এক্সামিনেশন ফর্মও (CH-205) পূরণ করবেন। [schools.nyc.gov/SchoolHealth](https://schools.nyc.gov/SchoolHealth) থেকে একটি CH-205 ডাউনলোড করুন।

## □ আপনার সন্তান আবশ্যিক টিকাসমূহ (ইমিউনাইজেশন) গ্রহণ করেছে, তা নিশ্চিত করুন।

নিউ ইয়র্ক স্টেট পাবলিক হেলথ বা জনস্বাস্থ্য আইন চাইল্ড কেয়ার অথবা স্কুলে ভর্তি হতে শিক্ষার্থীদের জন্য সুনির্দিষ্ট টিকা দেয়া আবশ্যিক করে। আপনি [schools.nyc.gov/immunization](https://schools.nyc.gov/immunization) -এ শিক্ষার্থীদের জন্য আবশ্যিক টিকাসমূহ (ইমিউনাইজেশন) সংক্রান্ত আরো তথ্য খুঁজে পেতে পারেন। আবশ্যিক এবং সুপারিশকৃত টিকা গ্রহণের নিকটবর্তী স্থান খুঁজতে [vaccinefinder.nyc.gov](https://vaccinefinder.nyc.gov) দেখুন অথবা 877-829-4692 নম্বরে ফোন করুন।

## □ 2025-26 শিক্ষা বছরের NYC পাবলিক স্কুলের ক্যালেন্ডারটি দেখে নিন।

আসন্ন হলিডের কারণে ছুটি, প্যারেন্ট-টিচার কনফারেন্সসমূহ এবং আরও অনেক কিছুর মতো গুরুত্বপূর্ণ তারিখের প্রতি চোখ রাখুন। এই শিক্ষা বছরের

ক্যালেন্ডারটি একাধিক ভাষায় দেখতে এবং প্রিন্ট করতে [schools.nyc.gov/Calendar](https://schools.nyc.gov/Calendar) দেখুন।

## □ আপনার সন্তানের যাতায়াতের বিকল্পসমূহ ও যোগ্যতা সম্পর্কে জানুন।

আপনার সন্তান কীভাবে স্কুলে যাবে এবং আসবে তা জানেন কি? লভ্য যোগাযোগের পরিষেবাসমূহ সম্পর্কে আরও তথ্যের জন্য [schools.nyc.gov/Transportation](https://schools.nyc.gov/Transportation) দেখুন।

• বিনামূল্যের শিক্ষার্থীর OMNY কার্ড সম্পর্কে আরও জানতে [schools.nyc.gov/OMNY](https://schools.nyc.gov/OMNY) দেখুন।

• যদি আপনার সন্তানের জন্য স্কুল বাস পরিষেবা নির্ধারণ করা হয়, তাহলে অফিশিয়াল NYC স্কুল বাস অ্যাপ-এর মাধ্যমে আপনি তার যাত্রাপথ (রুট), পিক আপ (নিয়ে যাওয়া) ও ড্রপ অফ (রেখে যাওয়া) সময় দেখতে পারেন। আপনার NYC স্কুলস্ অ্যাকাউন্ট ব্যবহার করে লগ ইন করুন। আরও জানতে [schools.nyc.gov/SchoolBusApp](https://schools.nyc.gov/SchoolBusApp) দেখুন।

## □ স্কুলে ইলেকট্রনিক ডিভাইস না ব্যবহার করা নিয়ে আপনার সন্তানের সাথে কথা বলুন।

নিউ ইয়র্ক স্টেটের আইন অনুযায়ী, NYCPS শিক্ষার্থীরা স্কুল দিবসে স্কুল প্রাঙ্গণে সেল ফোনের মতো ব্যক্তিগত, ইন্টারনেট-সংযুক্ত বৈদ্যুতিন সরঞ্জাম বা ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করতে পারবে না। আপনার স্কুল ডিভাইসের ব্যবহার এবং সংরক্ষণ সম্পর্কিত নিজস্ব নীতি আপনার সাথে শেয়ার করবে—আপনার সন্তানের সাথে নীতিটি পর্যালোচনা করুন যেন সে শিক্ষা বছর শুরু হবার আগে এই নিয়মগুলো বুঝতে পারে। আরো তথ্যের জন্য, [schools.nyc.gov/DevicePolicy](https://schools.nyc.gov/DevicePolicy) দেখুন।

## □ আপনার সন্তানের স্কুলের সামগ্রী প্রস্তুত করুন।

আপনার সন্তানের স্কুল অথবা শিক্ষক এই বছর তার প্রয়োজন হবে এমন স্কুলের সামগ্রীর একটি তালিকা পাঠাতে পারে। আপনার সন্তানের কাছ থেকে তার প্রথম দিন কী আশা করা হচ্ছে তা নিয়ে কথা বলুন, এবং তার সব সামগ্রী

ভরা হয়েছে ও প্রস্তুত আছে তা নিশ্চিত করুন। হারিয়ে গেলে যেন আপনাকে ফেরত দেয়া যায় সেজন্যে তার সামগ্রীতে (পোশাক, পানির বোতল, পেন্সিল কেস ইত্যাদি) লেবেল করুন!

□ আপনার সন্তানকে তার শিক্ষা বছরের সময়সূচির জন্য প্রস্তুত করুন।

স্কুলের প্রথম দিনের আগে, আপনার সন্তানের নিয়মিত এবং স্বাস্থ্যকর ঘুমের সময়সূচীতে খাপ খাইয়ে নেয়ার জন্য একটি সামঞ্জস্যপূর্ণ ঘুমের সময় ধার্য করুন। স্কুল শুরু হবার কিছু দিন আগে, আপনার পরিবারের এই শিক্ষা বছরের জন্য প্রত্যাশিত সকালের রুটিন অনুশীলন করুন, এতে অন্তর্ভুক্ত প্রস্তুত হওয়া এবং আপনার সন্তানের স্কুলে ভ্রমণ। আপনার সন্তানের শুরুর সময়, শেষ হবার সময়, এবং দেহের উপস্থিতির নীতি পর্যালোচনা করতে ভুলবেন না।

□ অনুবাদ ও দোভাষী পরিষেবা সম্পর্কে আপনার স্কুলকে জিজ্ঞাসা করুন।

NYCPS আমাদের অফিশিয়াল নথিপত্র 12-টি ভাষায় অনুবাদ করে—আরবি, বাংলা, চাইনিজ (ঐতিহ্যগত এবং সহজ-কৃত), ফ্রেঞ্চ, হেশিয়ান ক্রিওল, কোরিয়ান, রাশিয়ান, উর্দু, এবং—এই শিক্ষা বছর নতুন—আলবেনিয়ান, ইউক্রেনিয়ান, এবং উজবেক।

- আপনার অতিরিক্ত সহায়তা প্রয়োজন হলে, আপনার স্কুল বিনা খরচে অনুবাদ এবং দোভাষী পরিষেবা প্রদান করতে পারে। আরও তথ্যের জন্য আপনার স্কুলের প্রিন্সিপাল অথবা প্যারেন্ট কোঅর্ডিনেটরকে জিজ্ঞাসা করুন, অথবা [schools.nyc.gov/Hello](https://schools.nyc.gov/Hello) দেখুন। আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ (ASL) দোভাষী পরিষেবার জন্য [schools.nyc.gov/SignLanguage](https://schools.nyc.gov/SignLanguage) দেখুন।

□ আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন।

- আপনার অনেক প্রশ্নের উত্তর দিতে প্যারেন্ট কোঅর্ডিনেটর সহায়তা করতে পারে। তাদের যোগাযোগের তথ্য [schoolsearch.schools.nyc](https://schoolsearch.schools.nyc) -এ "Find a School" (একটি স্কুল খুঁজুন) টুল ব্যবহার করে অথবা আপনার সন্তানের স্কুলে ফোন করে খুঁজে নিন।

□ যদি প্রয়োজন হয়, দূর থেকে শিক্ষার (রিমোট লার্নিং) জন্য প্রস্তুত হোন।

যদি কোনও আবহাওয়া জনিত অথবা জরুরি পরিস্থিতিতে স্কুল বন্ধ থাকে, তবে শিক্ষার্থীরা বাড়িতে দূর থেকে শিক্ষায় (রিমোট লার্নিং) অংশগ্রহণ করবে। আপনার সন্তানের একটি ইন্টারনেট-সংযুক্ত ডিভাইস, স্কুলের সামগ্রী, এবং কাজ করার জন্য একটি নিরবিচ্ছিন্ন স্থান আছে তা নিশ্চিত করুন। তার স্কুলের কাজ করার জন্য প্রয়োজনীয় অনলাইন টুল ব্যবহার করতে তার NYCPS স্টুডেন্ট অ্যাকাউন্ট লগ ইন করতে তাকে সহায়তা করুন। দূর থেকে শিক্ষার (রিমোট লার্নিং) জন্য প্রস্তুতি গ্রহণের বিভিন্ন তথ্য-সংস্থান খুঁজতে [schools.nyc.gov/DigitalLearning](https://schools.nyc.gov/DigitalLearning) দেখুন।

আমরা আপনার সাথে 4 সেপ্টেম্বর শিক্ষা বছর শুরু করার জন্য অধীর অপেক্ষায় আছি!